

শিল্প মন্ত্রণালয়  
বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন  
(বিএসইসি)

১০২, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং-৩৬.৯৩.০০০০.০১০.০৪.০১০.২১-

তারিখঃ ১২-০৬-২০২২ খ্রি.

**বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশনের প্যানেল মুসক ও আয়কর আইনজীবী ফার্ম তালিকাভুক্তির বিজ্ঞপ্তি।**

বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন ও এর অধীনস্থ শিল্প প্রতিষ্ঠানের মুসক, আয়কর ও অন্যান্য করাদি সংক্রান্ত মামলা নিষ্পত্তিকরণ, প্রতি বছরের এ্যাসেসমেন্ট অর্ডার সংগ্রহকরণ, মুসক ও আয়কর কর্তৃপক্ষের চাহিদা মোতাবেক শুনানীতে হাজির হওয়াসহ প্রতিষ্ঠানের স্বার্থ-সংশ্লিষ্ট মামলা পরিচালনা ও প্রতিদ্বন্দ্বিতার জন্য প্যানেল মুসক ও আয়কর আইনজীবী ফার্ম তালিকাভুক্তির লক্ষ্যে বিজ্ঞ আইনজীবীদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে প্রস্তাব/আবেদন আহবান করা যাচ্ছে।

**শর্তাবলী:**

১। বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন ও এর অধীনস্থ শিল্প প্রতিষ্ঠানের মুসক ও আয়করের নথিপত্র তৈরী, আয়কর ও ভ্যাট মামলা নিষ্পত্তিকরণ, প্রতি বছরের এ্যাসেসমেন্ট অর্ডার সংগ্রহকরণ, মুসক ও আয়কর কর্তৃপক্ষের চাহিদা মোতাবেক শুনানীতে হাজির হওয়াসহ প্রতিষ্ঠানের স্বার্থ-সংশ্লিষ্ট সম্পদ, আমদানি শুল্ক, আবগারি শুল্ক, মুসক ও আয়কর মামলা পরিচালনা ও প্রতিদ্বন্দ্বিতা করবেন এবং চুক্তির শর্ত অনুসারে সরকার কর্তৃক অনুমোদিত/কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হারে শুধুমাত্র মামলা পরিচালনা/অর্পিত দায়িত্ব পালনের জন্য ফি/সম্মানী/খরচ সম্মানী প্রাপ্য হবেন, তবে নিয়মিতভাবে কোন দৈনিক/সাপ্তাহিক/মাসিক/বার্ষিক কোন বেতন বা ভাতা প্রাপ্য হবেন না। বিস্তারিত শর্তাবলীর কপি বাংলাদেশ ইস্পাত ও করপোরেশন এর হিসাব বিভাগ হতে সংগ্রহ করতে হবে। সকল প্রকার ফি/সম্মানী/খরচ হতে বিধি মোতাবেক সকল কর্তন নিশ্চিত করা হবে।

২। ইহা চুক্তি ভিত্তিক খন্ডকালীন নিয়োগ ও শর্ত দ্বারা নির্ধারিত হবে।

৩। বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন এবং এর অধীনস্থ শিল্প প্রতিষ্ঠানের স্বার্থ আছে এমন মুসক ও আয়কর মামলায় বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশনের বিপক্ষে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না।

৪। বিদ্যমান মুসক ও আয়কর মামলার অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসে নির্দিষ্ট 'ছকে' নির্ধারিত তারিখের মধ্যেই শিল্প প্রতিষ্ঠান প্রধান ও চেয়ারম্যান, বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন বরাবর দাখিল করতে হবে।

৫। সংস্থা ও প্রতিষ্ঠানের বিপক্ষে রায় হলে জরুরী ভিত্তিতে পরবর্তী করণীয় বিষয়ে লিখিতভাবে চেয়ারম্যান, বিএসইসি বা তাঁর কর্তৃক দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা (পরিচালক সমমর্যাদার) এর নিকট প্রেরণ করতে হবে।

৬। অন্য কোন প্রতিষ্ঠানে মুসক ও আয়কর আইনজীবী ফার্ম হিসেবে নিয়োগ থাকলে আবেদনে তা উল্লেখ করতে হবে।

৭। এনবিআর-এর অবসরপ্রাপ্ত ক্যাডার সার্ভিস কর্মকর্তা (অতিরিক্ত কমিশনার অথবা তদুর্ধ্ব পদমর্যাদার) আবেদনে যোগ্য বলে বিবেচিত হবেন।

৮। মুসক ও আয়কর আইনজীবী হিসেবে কমপক্ষে ১৫ (পনের) বছরের অভিজ্ঞতাসহ স্বনামধন্য সরকারী/বেসরকারী প্রতিষ্ঠানে ন্যূনতম ০৫ (পাঁচ) বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে।

৯। আবেদনকারী আইনজীবীর জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) ও ট্যাক্স বারের সদস্য পদ থাকতে হবে।

১০। প্রাথমিকভাবে ০২ (দুই) অর্থ বছরের জন্য প্যানেল আইনজীবী নিয়োগ করা হবে।

১১। মনোনীত আইনজীবী ফার্ম দায়িত্ব হতে অব্যাহতি গ্রহণ করতে চাইলে সেক্ষেত্রে ৩০ (ত্রিশ) দিন পূর্বে নোটিশ প্রদান করতে হবে।

১২। কোন আইনজীবী এর পেশাগত কার্যক্রম সন্তোষজনক না হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে তার নিয়োগ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। প্যানেল আইনজীবী ফার্ম নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩। নিয়োগের শর্তাবলী চুক্তিপত্র দ্বারা নির্ধারিত হবে।

১৪। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন আবেদন/প্রস্তাব গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। আইনজীবী নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

**প্রস্তাব/আবেদনের সাথে নিম্নে উল্লেখিত তথ্যাদি/কাগজপত্রাদি দাখিল করতে হবে:**

ক. আবেদনকারী আইনজীবী ফার্মের নাম, ঠিকানা, উক্ত ফার্মে নিয়োজিত আইনজীবীর সংখ্যা, আইনজীবী ফার্মের প্রত্যেক আইনজীবীর পৃথক জীবন বৃত্তান্ত, সনদপত্র, স্থায়ী ও বর্তমান ঠিকানা, কর্মস্থল/চেয়ারের ঠিকানা, জন্ম তারিখ, শিক্ষাগত যোগ্যতা, বয়স, ফোন নম্বর, মোবাইল নম্বর, ই-মেইল আইডিসহ পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত ইত্যাদি আবেদন পত্রে উল্লেখ করতে হবে। ব্যক্তি বিশেষের ক্ষেত্রে পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত, প্রয়োজনীয় প্রমাণকের সত্যায়িত ফটোকপি জমা দেয়া বাঞ্ছনীয়।

খ. আবেদনকারী আইনজীবীর ঢাকায় ও চট্টগ্রামে নিজস্ব অফিস থাকতে হবে।

গ. আবেদনপত্রের সাথে সংশ্লিষ্ট ফার্মে নিয়োজিত আইনজীবী/উপদেষ্টার (১) সদ্য তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি (২) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি (৩) সকল শিক্ষাগত যোগ্যতার (এসএসসি/সমমান, এইচএসসি/সমমান ও স্নাতক/সমমান পরীক্ষাসহ আইন বিষয়ে ডিগ্রী) সনদের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

ঘ. আবেদন/প্রস্তাব আগামী ৩০ শে জুন, ২০২২ তারিখ বিকাল ০৫.০০ ঘটিকার মধ্যে সরাসরি/ডাকযোগে চেয়ারম্যান, বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন, বিএসইসি ভবন, ১০২ কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকা-১২১৫ বরাবর দাখিল করতে হবে। এ নিয়োগ বিজ্ঞপ্তি বিএসইসি'র ওয়েবসাইটেও ([www.bsec.gov.bd](http://www.bsec.gov.bd)) পাওয়া যাবে।

সচিব

বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন  
ফোন: ০২-৫৫০১২৭৪৮